



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩৪৯

তারিখ: ০১/০২/২০১৬ খ্রিস্টাব্দ।


বিষয়: প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া বেতন (প্রথম পর্যায়ে) প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের বেতন-ভাতা জাতীয় বেতন স্কেল-২০১৫ খ্রিস্টাব্দ অনুযায়ী বাস্তবায়ন এবং অর্থ সংকুলান স্বাপেক্ষে বকেয়া বেতন পরিশোধের নির্দেশনা রয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পে প্রয়োজনীয় অর্থের সংস্থান করতঃ সকল কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্য বকেয়া বেতন-ভাতা পর্যায়ে পরিশোধের ব্যবস্থা নেয়া হচ্ছে। প্রকল্পভুক্ত প্রত্যেক উপজেলায় ডিসেম্বর/২০১৫ খ্রিস্টাব্দ পর্যন্ত সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় এবং ঋণ বিতরণের ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হলেও স্বল্পসংখ্যক উপজেলায় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। অপরদিকে অধিকাংশ উপজেলায় বর্ণিত কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়; উপরন্তু কিছু কিছু উপজেলায় বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হয়েছে- যা কোন ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, উপজেলার সার্বিক কার্যক্রম সন্তোষজনক বিবেচনা করে প্রথম পর্যায়ে নিম্নোক্ত উপজেলাসমূহে কর্মরত প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া বেতন প্রদানের নির্দেশনা প্রদান করা হলোঃ

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	মন্তব্য
১	২	৩	৪
১	যশোর	বিকরগাছা	
২	নড়াইল	কালিয়া	
৩	ঝিনাইদহ	ঝিনাইদহ সদর, হরিনাকুন্ডু, শৈলকুপা	
৪	মাগুরা	মোহাম্মদপুর	
৫	মেহেরপুর	মেহেরপুর সদর, গাংনী	
৬	চুয়াডাঙ্গা	জীবননগর	
৭	খুলনা	কয়রা, বটিয়াঘাটা, ডুমুরিয়া	
৮	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর, কালীগঞ্জ, দেবহাটা	
৯	বাগেরহাট	বাগেরহাট সদর, রামপাল, চিতলমারী	
১০	বরিশাল	অগৈলঝাড়া, মুলাদী	
১১	পটুয়াখালী	মির্জাগঞ্জ, দশমিনা	
১২	বরগুনা	বামনা	
১৩	ঝালকাঠী	ঝালকাঠী সদর	
১৪	ভোলা	-----	
১৫	পিরোজপুর	নাজিরপুর	

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
----- জেলা


প্রকাশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং- ০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।